গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ১৩/০৫/২০২৫ খ্রি.

# দুর্ঘটনায় গুরুতর আহত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের চিকিৎসা অনুদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর স্মারক নং- ৩৭.২৪.০০০০.০০০.০০৩.৯৮.০০০১.২০.১৯, তারিখ: ০৫/০৫/২০২৫ খ্রি. মোতাবেক উচ্চ মাধ্যমিক ও স্নাতক শ্রেণিতে অধ্যয়নরত কিন্তু দুর্ঘটনায় গুরুতর আহত, হাসপাতালে চিকিৎসাধীন, অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের ২০২৪-২০২৫ অর্থবছরে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক এককালীন চিকিৎসা অনুদান প্রদান করা হবে। রাঙ্গামাটি সরকারি কলেজের আগ্রহী শিক্ষার্থীকে ই-চিকিৎসা অনুদান ম্যানেজমেন্ট সিস্টেমের https://eservice.pmeat.gov.bd/medical লিংকে প্রবেশ করে চাহিত তথ্যাদি এন্ট্রি দিয়ে আবেদন করতে হবে। শিক্ষার্থীকে দুর্ঘটনায় গুরুতর আহত সমর্থনে সিভিল সার্জন/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/সরকারি হাসপাতালের চিকিৎসক কর্তৃক প্রদত্ত চিকিৎসা সনদ, চিকিৎসা গ্রহণ সংক্রান্ত রিপোর্ট ও প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর নির্ধারিত ফরমে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন গ্রহণপূর্বক অনলাইনে আপলোড করতে হবে। তারপর আবেদনের প্রিন্টকপি ও প্রয়োজনীয় কাগজপত্রাদি কলেজের প্রশাসনিক শাখায় জমা দিতে হবে এবং অপর ১(এক) কপি নিজের কাছে সংরক্ষণ করতে হবে।

শর্তাবলী:

১। **অনলাইনে আবেদন ও প্রিন্টকপি কলেজে জমাদানের শেষ তারিখ :** ৩০/০৬/২০২৫ খ্রি.

২। **উপবৃত্তি প্রাপ্তির যোগ্যতা:**
(ক) উচ্চ মাধ্যমিক হতে স্নাতক শ্রেণিতে নিয়মিত ও অধ্যয়নরত হতে হবে;
(খ) শ্রেণিকক্ষে কমপক্ষে ৭০% উপস্থিতি থাকতে হবে;
(গ) সর্বশেষ পরীক্ষার ফলাফলে শতকরা ৬০ ভাগ নম্বরপ্রাপ্ত হতে হবে;
(ঘ) পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার কম হতে হবে;

৩। **ফরমের সাথে নিম্নোক্ত কাগজপত্র কলেজে জমা দিতে হবে:**
(ক) শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের রঙিন ছবি ১কপি;
(খ শিক্ষার্থীর অনলাইন জন্মনিবন্ধন সনদপত্র (১৭ ডিজিট বিশিষ্ট);
(গ) শিক্ষার্থীর সকল প্রকার পরীক্ষার নম্বরপত্র;
(ঘ) পিতা ও মাতা অথবা অভিভাবকের (পিতা/মাতার অবর্তমানে) NID কার্ড এর ফটোকপি;
(ঙ) শিক্ষার্থী অথবা পিতা/মাতার ব্যাংক হিসাব নম্বর দিতে হবে।

13.05.2025

(প্রফেসর মোঁ. আবু ছৈয়দ চৌধুরী)
অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

১৩/০৫/2025

বিতরণ:

১। সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
২। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাঁকে কলেজের ওয়েবসাইটে আপলোড করতে নির্দেশ দেওয়া গেল;
৩। সংরক্ষণ নথি।